দৈনিক ইত্তেফাক

154

তারিখ ... SEP 16 1999
পৃষ্ঠা ১৫ কলাম ১

# প্রসঙ্গ শিক্ষাঋণ



হিউম্যান ডেভেলপমেন্ট ফাউন্ডেশন তাদের মেধা লালন প্রকল্পের অধীনে সুদমুক্ত শিক্ষা ঋণ প্রদানের জন্য বিভিন্ন শিক্ষা বোর্ডের ১৯৯৯ সালে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করেছে। দরখাস্ত করার ন্যূনতম যোগ্যতা জেলা ও বিভাগীয় সদরের ছাত্র-ছাত্রীদের জন্য বিজ্ঞান বিভাগে কমপক্ষে ৮০০ নম্বরপ্রাপ্ত এবং অন্যান্য বিভাগে (মানবিক/বাণিজ্য) কমপক্ষে ৭৫০ নম্বরপ্রাপ্ত হতে হবে। জেলা শহরের বাইরের ছাত্র-ছাত্রীদের জন্য বিজ্ঞান বিভাগে কমপক্ষে ৭৫০ নম্বর এবং অন্যান্য বিভাগে কমপক্ষে ৭০০ নম্বর পেয়ে পাস করতে হবে। আট টাকার অব্যবহৃত ডাকটিকেট এবং নিজ ঠিকানা সম্বলিত সাড়ে নয় ইঞ্চি বাই সোয়া চার ইঞ্চি সাইজের ফেরত খাম ডাকযোগে ৩০ অক্টোবর '৯৯ তারিখের মধ্যে নির্বাহী পরিচালকের কাছে প্রেরণ করে আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং ঐ তারিখের মধ্যেই যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।

উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতি মাসে ৪৫০ টাকা, স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে প্রতি মাসে ৭০০ টাকা হারে ঋণ দেওয়া হবে। এছাড়া প্রতি শিক্ষাবর্ষে বই ও শিক্ষা উপকরণের জন্য অনুদান দেওয়া হবে, যা পরিশোধ করতে হবে না। এক্ষেত্রে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগের জন্য ৭০০ টাকা, মানবিক/বাণিজ্য বিভাগের জন্য ৫০০ টাকা, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সাধারণ বিষয়ের ছাত্র-ছাত্রীদের জন্য ১০০০ টাকা এবং মেডিক্যাল ও প্রকৌশল বিষয়ে ছাত্র-ছাত্রীদের জন্য ২০০০ টাকা অনুদান হিসেবে দেওয়া হবে। উচ্চ মাধ্যমিক শ্রেণী থেকে ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন সমাপ্তি পর্যন্ত (স্নাতকোত্তর) এমবিবিএস (বিএসসি চূড়ান্ত পরীক্ষা) এই ঋণ চালু থাকবে। তবে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগে পাস করলে এই ঋণ বন্ধ করে দেওয়া হবে। এছাড়া ঋণগ্রহণকারীর শিক্ষা ধারায় কোনো বিরতি ঘটলে লেখাপড়ার ফলাফল অসন্তোষজনক হলে অথবা ঋণ সংক্রান্ত শর্তাবলী পালনে ব্যর্থ হলে এই ঋণ প্রদান বন্ধ করে দেওয়া হবে। এবং উক্ত সময় পর্যন্ত গৃহীত সমুদয় ঋণ ৫ বছরের মধ্যে প্রতি বছর ৪টি কিস্তিতে পরিশোধ করতে হবে। তবে শিক্ষা ঋণ গ্রহণ করে যারা শিক্ষা জীবন সমাপ্ত করেছেন তাদের ক্ষেত্রে উপার্জনক্ষম হবার দুই বছর পর থেকে পরবর্তী ৫ বছরে প্রতি বছর ৪টি কিস্তি করে পরিশোধ করতে হবে।

বিস্তারিত যোগাযোগঃ নির্বাহী পরিচালক, হিউম্যান ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, ৯/৪, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। ☐ মুকুল শাহরিয়ার